দৈনিক
সকালবেলা
নতুন প্রজন্মের কাগজ
The Daily Sakalbela
প্রতিষ্ঠাতা ঃ সৈয়দ এনামুল হক
প্রকাশনার ৩০ বছর



নাগলিঙ্গম ফুলের ডালে ঘুঘু পাখির সংসার
বগুড়ার শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগের ফটক এলাকায় ঠায় দাঁড়িয়ে আছে সবুজ পাতায় ভরা গাছ। নাম তার নাগলিঙ্গম। ফুলে ফুলে ছেয়ে আছে গাছের কাণ্ড। সেখানে বেশ কিছুদিন ধরে বসবাস করছে জোড়া ঘুঘু পাখি। কখনো ফুলের ডালে বসছে।

শনিবার
- রেজি নং ডিএ- ১৯৮৭
- ৩০ তম বর্ষ, ১৯৭ সংখ্যা
- ঢাকা, **২১ নভেম্বর ২০২৬**
- ০৬ অগ্রহায়ণ ১৪৩৩ বাংলা
- ১০ জমা: সানি ১৪৪৮ হিজরী
- ৮ পৃষ্ঠা, মূল্য ৫ টাকা

২৩ নভেম্বর বাংলাদেশে আসছেন জাতিসংঘের বিশেষ দূত

স্টাফ রিপোর্টার :
শিক্ষার অধিকার বাস্তবায়নে বাংলাদেশের অগ্রগতি ও চ্যালেঞ্জ পর্যালোচনা করতে আগামী ২৩ নভেম্বর বাংলাদেশ সফরে আসছেন জাতিসংঘের শিক্ষার অধিকারবিষয়ক বিশেষ দূত ফারিদা শহীদ। ৪ ডিসেম্বর ৭ এর পাতায় দেখুন

বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করবে না ভারত: জয়সওয়াল

আন্তর্জাতিক ডেস্ক :
বাংলাদেশের সঙ্গে ইতিবাচক, ভবিষ্যৎমুখী ও গঠনমূলক সম্পর্ক বজায় রাখতে আগ্রহী ভারত। একই সঙ্গে বাংলাদেশের অভ্যন্তরীণ কোনো বিষয়ে হস্তক্ষেপ করতে চায় না নয়াদিল্লি। গতকাল শুক্রবার ৭ এর পাতায় দেখুন

নিষিদ্ধ আ. লীগের রক্তের তৃষ্ণা আরও তীব্র হয়েছে: রিজভী

স্টাফ রিপোর্টার :
জনতার প্রতিরোধে বিদেশে পালিয়ে যাওয়া কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ নেতাকর্মীদের রক্তের তৃষ্ণা আরও তীব্র হয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। গতকাল ৭ এর পাতায় দেখুন

তুমি রবে নিরবে...
বিনম্র শ্রদ্ধায় স্মরণ করি



লায়ন, এ্যাডভোকেট
সৈয়দ এনামুল হক
প্রতিষ্ঠাতা সম্পাদক ও প্রকাশক
দৈনিক সকালবেলা
এবং The Daily Morning Times
মহাসচিব : বাংলাদেশ সংবাদপত্র পরিষদ (BSP)
ইংরেজি সংবাদ পাঠক : বাংলাদেশ বেতার, ঢাকা।
জন্ম ঃ ১৬ এপ্রিল ১৯৫৬
মৃত্যু ঃ ২৭ অক্টোবর ২০২০

আজ সশস্ত্র বাহিনী দিবস

ইতিহাসে অবিস্মরণীয় অধ্যায় প্রধানমন্ত্রী তারেক রহমান



স্টাফ রিপোর্টার :
প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, ২১ নভেম্বর আমাদের সশস্ত্র বাহিনীর ইতিহাসের এক অবিস্মরণীয় অধ্যায়। তিনি আরও বলেন, বাংলাদেশের জন্ম ইতিহাসের সঙ্গে বাংলাদেশের সশস্ত্র বাহিনীর ইতিহাস অঙ্গাঙ্গিভাবে জড়িত। আজ 'সশস্ত্র বাহিনী দিবস-২০২৬' উপলক্ষ্যে গতকাল দেওয়া এক বাণীতে এসব কথা বলেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশের স্বাধীনতার ঘোষক তৎকালীন মেজর জিয়াউর রহমান ছিলেন সামরিক বাহিনীর একজন কর্মকর্তা। এটিও সশস্ত্র বাহিনীর ইতিহাসে অনন্য, গৌরবময় এবং ঐতিহাসিক ঘটনা। তারেক রহমান বলেন, '২১ নভেম্বর আমাদের সশস্ত্র বাহিনীর ইতিহাসের এক অবিস্মরণীয় অধ্যায়। ১৯৭১ সালের এই দিনে মুক্তিযুদ্ধের চরম মুহূর্তে সেনা, নৌ ও বিমান বাহিনীর অকুতোভয় সদস্যরা সম্মিলিতভাবে দখলদার বাহিনীর বিরুদ্ধে পাল্টা আক্রমণের সূচনা করেন। মুক্তিবাহিনী, আধাসামরিক বাহিনীর সদস্যগণ ও দেশপ্রেমিক জনতা কাঁধে কাঁধ মিলিয়ে এই সমন্বিত আক্রমণে অংশ নেন। মুক্তিযুদ্ধে রণাঙ্গনের লড়াই নতুন মাত্রা লাভ করে। তিনি বলেন, সশস্ত্র বাহিনীর ইতিহাসেও এটি একটি গুরুত্বপূর্ণ দিন। ফলে প্রতিবছর ২১ নভেম্বর সশস্ত্র বাহিনী দিবস পালন করা হয়। সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষ্যে বাংলাদেশ সেনা, নৌ ও বিমান বাহিনীর সব সদস্যকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। প্রধানমন্ত্রী বলেন, নির্ভীক সাহসিকতা, শৌর্য, সংকল্পবদ্ধ শৃঙ্খলা দিয়ে তৈরি জাতির এক গর্বিত প্রতিষ্ঠান সশস্ত্র বাহিনী। '৭১ এর রণাঙ্গনে এই বাহিনীর অসীম সাহসী ভূমিকা ইতিহাসের এক উজ্জ্বল অধ্যায়। আমাদের স্বাধীনতা-সার্বভৌমত্ব ও ভৌগোলিক অখণ্ডত্ব রক্ষায় সশস্ত্র বাহিনীর দেশপ্রেমিক সদস্যগণ অতন্দ্র প্রহরীর ভূমিকা পালন করে চলেছে। তারেক রহমান বলেন, বিশ্বশান্তি রক্ষায় বাংলাদেশের সশস্ত্র বাহিনীর ভূমিকা ৭ এর পাতায় দেখুন



রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর গতকাল ঢাকা কলেজের ১৮৬তম প্রতিষ্ঠাবার্ষিকী ও প্রাক্তন ছাত্র পুনর্মিলনী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তৃতা করেন। -পিআইডি

দেশের শিক্ষা ব্যবস্থাকে আমূল ঢেলে সাজাতে হবে
-রাষ্ট্রপতি

স্টাফ রিপোর্টার :
রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, দেশের শিক্ষাব্যবস্থাকে আমূল ঢেলে সাজাতে হবে, যাতে শিক্ষার্থীরা পড়াশোনা শেষ করে যথাযথ কর্মসংস্থানের সুযোগ পায়। তিনি আরও বলেন, শিক্ষাব্যবস্থা এমনভাবে সাজাতে হবেড় যাতে শিক্ষার্থীরা যে শিক্ষা গ্রহণ করছেন, তা কার্যকর হয় এবং দেশ, মানুষ ও তাদের নিজেদের জীবনে কাজে লাগে। একইসাথে শিক্ষাব্যবস্থা থেকে যেন সত্যিকারার্থে প্রয়োজনীয় ও কার্যকর ফলাফল পাওয়া যায়, তা নিশ্চিত করতে হবে। এজন্য দেশের শিক্ষাব্যবস্থাকে আমূল ঢেলে সাজাতে হবে। গতকাল সকালে ঐতিহ্যবাহী ঢাকা কলেজের ১৮৬তম প্রতিষ্ঠাবার্ষিকী ও সাবেক ছাত্র পুনর্মিলনী-২০২৬ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। এসময় রাষ্ট্রপতি ৭ এর পাতায় দেখুন



আইসিজের রায় না মানলে পরিণতি ভালো হবে না
-পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান

স্টাফ রিপোর্টার :
রোহিঙ্গা গণহত্যার মামলায় আন্তর্জাতিক বিচার আদালতের (আইসিজে) রায় মেনে চলতে মিয়ানমার বাধ্য। অন্যথায় দেশটির জন্য পরিণতি ভালো হবে না বলে সতর্ক করেছেন জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতি ও বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। মিয়ানমারের বিরুদ্ধে আইসিজের রায় ঘোষণার পরদিন গতকাল শুক্রবার (২০ নভেম্বর) কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গা শরণার্থীশিবির পরিদর্শনে গিয়ে তিনি এ মন্তব্য করেন। সকাল পৌনে ৯টার দিকে তিনি উখিয়ার ৪ নম্বর রোহিঙ্গা ক্যাম্পে পৌঁছালে ৭ এর পাতায় দেখুন

রোহিঙ্গা গণহত্যা

আন্তর্জাতিক আদালতের রায় 'ন্যায়সঙ্গত' হয়নি
-মিয়ানমার

আন্তর্জাতিক ডেস্ক :
২০১৭ সালে 'বিদ্রোহ দমন'-এর নামে জাতিগত সংখ্যালঘু রোহিঙ্গা জনগোষ্ঠীর বিরুদ্ধে মিয়ানমারের সেনাবাহিনীর ভয়াবহ অভিযানকে 'গণহত্যামূলক' উল্লেখ করে যে রায় দিয়েছে বিশ্ব আদালত (ইন্টারন্যাশনাল কোর্ট অব জাস্টিস- আইসিজে), তা 'ন্যায়সঙ্গত নয়' বলে মনে করে মিয়ানমার। গত ১৯ নভেম্বর আইসিজের প্রেসিডেন্ট ও বিচারক ইউজি ইসাসাওয়া রায় ঘোষণার পর প্রতিক্রিয়া জানতে চেয়ে রাজধানী নেইপিদো'তে মিয়ানমারের প্রেসিডেন্টের দপ্তরে যোগাযোগ করেছিল এএফপি। দপ্তরের মুখপাত্র মুখপাত্র খাইং খাইং সোয়ে এ রায়কে 'অন্যায্য' উল্লেখ করে এএফপিকে বলেছেন, "আমাদের ৭ এর পাতায় দেখুন

বাড়ানো হয়েছে নজরদারি

শাহজালালেও নাশকতার আশঙ্কা

স্টাফ রিপোর্টার :
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের থার্ড টার্মিনাল ও হ্যাঙ্গার গেট ঘিরে নাশকতার পরিকল্পনার তথ্য পেয়েছেন গোয়েন্দারা। আগামী ১৬ ডিসেম্বর উদ্বোধনের অপেক্ষায় থাকা থার্ড টার্মিনাল এবং বিমানবন্দরের গুরুত্বপূর্ণ স্থাপনা হ্যাঙ্গার গেটকে লক্ষ্যবস্তু করা হতে পারে বলে আশঙ্কা করছেন তারা। এমন তথ্য পাওয়ার পরপরই দুই স্থাপনা ঘিরে নিরাপত্তা জোরদার করা হয়েছে। পোশাকধারী পুলিশের পাশাপাশি সাদা পোশাকেও ২৪ ঘণ্টা নজরদারি চলছে। দায়িত্ব পালনকারী বেসামরিক কর্মীদের ওপরও বাড়ানো হয়েছে নজরদারি। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) সদস্য (নিরাপত্তা) এয়ার কমোডর আসিফ ইকবাল বলেন, বিমানবন্দরে সার্বক্ষণিক নিরাপত্তাব্যবস্থা থাকে। তবে বর্তমান পরিস্থিতিতে নিরাপত্তা আরও বাড়ানো হয়েছে। সব বিমানবন্দরে সার্বক্ষণিক নিরাপত্তাব্যবস্থা বজায় রাখার জন্য নির্দেশনা দেওয়া হয়েছে। গোয়েন্দা সূত্রে জানা যায়, দেশজুড়ে একটি গোষ্ঠী নাশকতামূলক কর্মকাণ্ড চালাচ্ছে। ইতিমধ্যে রাজধানীর বিভিন্ন থানা ও গুরুত্বপূর্ণ স্থাপনা ঘিরে ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এমনকি শাহজালাল বিমানবন্দরের প্রবেশপথগুলোতেও একাধিকবার ককটেল বিস্ফোরণ ঘটানো হয়েছে। সূত্রের দাবি, রাজশাহী বিমানবন্দর ঘিরেও বড়



ধরনের নাশকতার পরিকল্পনা ছিল। সেখানে উচ্চমাত্রার দুটি গ্রেনেড পাওয়া যায়। নাশকতাকারীরা সুযোগ না পেয়ে গ্রেনেড দুটি বাইরে রেখে যায়। যদিও সেগুলো বিমানবন্দরের সীমানার বাইরে পাওয়া গেছে, তবে বিমানবন্দরসংলগ্ন এলাকায় হওয়ায় ঘটনাটি বিমানবন্দরের নামেই সংবাদমাধ্যমে এসেছে। গোয়েন্দাদের ধারণা, দেশীয় ও আন্তর্জাতিক গণমাধ্যমে ব্যাপক প্রচার পাওয়ার লক্ষ্যেই বিমানবন্দরকে নাশকতার টার্গেট করা হয়েছে। বিশেষ করে থার্ড টার্মিনাল ও হ্যাঙ্গার গেটের মতো গুরুত্বপূর্ণ দুটি স্থাপনাকে বেছে নেওয়া হয়েছে। এ বিষয়ে সুনির্দিষ্ট তথ্য পাওয়ার পর পুরো এলাকায় নিরাপত্তা জোরদার করা হয়েছে। থার্ড টার্মিনাল এলাকায় পোশাকধারী ও সাদাপোশাকের সদস্যদের সার্বক্ষণিক নজরদারি রয়েছে। একইভাবে নিরাপত্তা বাড়ানো হয়েছে হ্যাঙ্গার গেট এলাকাতেও।

কেন থার্ড টার্মিনাল : গোয়েন্দা সূত্র জানায়, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের সবচেয়ে দৃষ্টিনন্দন স্থাপনা থার্ড টার্মিনাল। এটি চালু হওয়া নিয়ে প্রায়শই গণমাধ্যমে খবর প্রকাশিত হচ্ছে। বিপুল ব্যয়ে নির্মিত অত্যাধুনিক সুযোগ-সুবিধাসম্পন্ন এই টার্মিনাল নিয়ে দেশ-বিদেশে ব্যাপক আগ্রহ রয়েছে। নির্মাণকাজ শেষ হওয়ার পরও দীর্ঘদিন ধরে এটি অব্যবহৃত অবস্থায় রয়েছে। সর্বশেষ টার্মিনালটির উদ্বোধনের প্রস্তুতি প্রায় চূড়ান্ত পর্যায়ে ৭ এর পাতায় দেখুন



রাজনীতির নামে মানুষ হত্যা ও ব্যবসা ধ্বংস গ্রহণযোগ্য নয়
-সমাজকল্যাণমন্ত্রী

স্টাফ রিপোর্টার :
দেশের মানুষকে পুড়িয়ে মারা,গুম,খুন করা ও ব্যবসা-বাণিজ্য নষ্ট করা কোনো রাজনীতি দলের কাজ না, এসব সন্ত্রাসী দলের কাজ বলে মন্তব্য করেছেন সমাজকল্যাণ মন্ত্রী ডা এজেডএম জাহিদ হোসেন। গতকাল শুক্রবার (২০ নভেম্বর) বিকেলে হাকিমপুর উপজেলা কৃষি অফিসের আয়োজনে বিনামূল্যে কৃষকদের মাঝে সরিষা বীজ ও সার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব মন্তব্য করেন তিনি। এ সময় তিনি আরও বলেন, যারা ৭ এর পাতায় দেখুন

জাতিসংঘের ই-গভর্নমেন্ট সূচকে বাংলাদেশের উন্নতি

স্টাফ রিপোর্টার :
জাতিসংঘের 'ই-গভর্নমেন্ট ডেভেলপমেন্ট ইনডেক্স (ইজিডিআই) ২০২৬'-এ তিন ধাপ এগিয়েছে বাংলাদেশ। বিশ্বের ১৯৪টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান এখন ৯৭তম। এর মাধ্যমে প্রথমবারের মতো বাংলাদেশ দুই অঙ্কের র‍্যাঙ্কিংয়ের তালিকায় প্রবেশ করল। সর্বশেষ ২০২৪ সালের জরিপে বাংলাদেশ ১০০তম অবস্থানে ছিল। গতকাল শুক্রবার (২০ নভেম্বর) রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে। প্রতিবেদনে বলা হয়, এবার দেশের ইতিহাসে এখন পর্যন্ত সর্বোচ্চ ইজিডিআই স্কোর (০ দশমিক ৬৮৯৩) অর্জন করেছে বাংলাদেশ। এর ফলে 'উচ্চ ইজিডিআই' (হাই ইজিডিআই) শ্রেণিতে নিজেদের অবস্থান ধরে রেখেছে দেশ। ডাক, ৭ এর পাতায় দেখুন



ঘূর্ণিঝড় 'আকভান'র প্রভাবে রাজধানীসহ বিভিন্ন এলাকায় বৃষ্টি-ভোগান্তি

স্টাফ রিপোর্টার :
বঙ্গোপসাগরে সৃষ্ট প্রবল ঘূর্ণিঝড় 'আকভান'র প্রভাবে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন এলাকায় গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হচ্ছে। গতকাল শুক্রবার (২০ নভেম্বর) দিনভর বৃষ্টিতে বিপর্যস্ত হয়ে পড়েছে জনজীবন। একইসঙ্গে সমুদ্রবন্দর, উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উপকূলীয় এলাকায় দমকা অথবা ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। ঘূর্ণিঝড়টি সরাসরি ৭ এর পাতায় দেখুন

উন্নয়ন থমকে যাবে, বাংলাদেশকে সতর্ক করল বিশ্বব্যাংক

স্টাফ রিপোর্টার :
কম রাজস্ব আদায়, বাড়তি অনুন্নয়ন ব্যয় আর জ্বালানি খাতের ভর্তুকির চাপে বাংলাদেশে উন্নয়ন বিনিয়োগ কমে গেছে। বিশ্বব্যাংকের নতুন প্রতিবেদনে এ সতর্কবার্তা দেওয়া হয়েছে। প্রতিবেদনের নাম 'বাংলাদেশ পাবলিক ফাইন্যান্স রিভিউ ২০২৬'। বৃহস্পতিবার এটি প্রকাশ করা হয়। সরকার ২০৩৪ সালের মধ্যে দেশকে ট্রিলিয়ন ডলারের অর্থনীতিতে নিতে চায়। বিশ্বব্যাংক বলছে, এ লক্ষ্য ছুঁতে রাজস্ব সংস্কারকে প্রবৃদ্ধি ও কর্মসংস্থান কৌশলের মূল ভিত্তি করতে হবে। একই সঙ্গে ঢালাও ভর্তুকির বদলে দরিদ্র ও ঝুঁকিতে থাকা মানুষকে লক্ষ্য করে সহায়তা দিতে হবে। প্রতিবেদনে অর্থনীতির কয়েকটি বড় দুর্বলতা তুলে ধরা হয়েছে। প্রথম দুর্বলতা কর্মসংস্থানে স্থবিরতা। তরুণ ও বাড়তি শ্রমশক্তির জন্য যথেষ্ট কাজ তৈরি হচ্ছে না। কর্মক্ষম প্রতি পাঁচ নারীর তিনজন শ্রমবাজারের বাইরে। মোট শ্রমশক্তির ৮৪ শতাংশ কাজ করছেন অনানুষ্ঠানিক খাতে। দ্বিতীয় দুর্বলতা রাজস্ব আয়। ২০২৪-২৫ অর্থবছরে কর আদায় ছিল জিডিপির মাত্র ৬.৮ শতাংশ। সমান পর্যায়ের অন্য দেশগুলোর তুলনায় এটি অর্ধেকেরও কম। তৃতীয় দুর্বলতা উন্নয়ন ও শিক্ষায় কম ব্যয়। ২০২১-২২ অর্থবছরে উন্নয়ন খাতে মূল ব্যয় ছিল জিডিপির ৪.৯ শতাংশ। ২০২৪-২৫ অর্থবছরে তা কমে হয়েছে ২.৮ শতাংশ। শিক্ষায় ব্যয় নেমে এসেছে জিডিপির মাত্র ১.৫ শতাংশে। চতুর্থ দুর্বলতা ঋণের সুদের চাপ। ২০১৬-১৭ অর্থবছরে সুদ পরিশোধে খরচ ছিল জিডিপির ১.৫ শতাংশ। চলতি ২০২৫-২৬ অর্থবছরে তা বেড়ে ২.৬ শতাংশ হবে। সরকার দেশের ব্যাংক থেকে বেশি ঋণ নিচ্ছে। এতে বেসরকারি খাতে ঋণের প্রবাহ কমে যেতে পারে। পঞ্চম দুর্বলতা জ্বালানি ভর্তুকি। বিদ্যুৎ ও গ্যাসে ভর্তুকি ২০১৭-১৮ অর্থবছরে ছিল জিডিপির ০.৩ শতাংশ। ২০২৪-২৫ অর্থবছরে তা বেড়ে হয়েছে ১.৫ শতাংশ। বিশ্ববাজারে জ্বালানির দাম বাড়লে এই চাপ আরও বাড়তে পারে। রাজস্ব বাড়াতে বিশ্বব্যাংক পাঁচটি জরুরি পদক্ষেপের পরামর্শ দিয়েছে। প্রথমত, কর প্রশাসনকে আধুনিক করতে হবে। এ জন্য করনীতি তৈরির কাজ থেকে কর প্রশাসনকে আলাদা করা দরকার ৭ এর পাতায় দেখুন



নিরাপত্তা চেয়ে জিডি করলেন ওসি

স্টাফ রিপোর্টার :
চট্টগ্রামের মীরসরাইয়ের জোরারগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ আব্দুল হালিমকে অজ্ঞাতনামা একটি নম্বর থেকে হোয়াটসঅ্যাপে প্রাণনাশ ও তার পরিবারের সদস্যদের ক্ষতি করার হুমকি দেওয়া হয়েছে। এ ঘটনায় নিজের ও পরিবারের নিরাপত্তা চেয়ে থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেছেন তিনি। জিডি সূত্রে জানা গেছে, গত ১৮ নভেম্বর রাত ৮টা ৫৩ মিনিটের পর থেকে বিভিন্ন সময়ে জোরারগঞ্জ থানার ওসির ব্যবহৃত সরকারি মোবাইল নম্বরে হোয়াটসঅ্যাপের মাধ্যমে একাধিক ৭ এর পাতায় দেখুন




তারেক রহমানের রাজনীতির মৌলিক লক্ষ্য 'সবার আগে বাংলাদেশ'
-মাহদী আমিন

স্টাফ রিপোর্টার :
প্রধানমন্ত্রী তারেক রহমানের রাজনীতির মূল দর্শন হলো, রাষ্ট্রক্ষমতার প্রকৃত উৎস জনগণ। সমস্যার সমাধান করা, দেশের স্বার্থ রক্ষা এবং 'সবার আগে বাংলাদেশ' নিশ্চিত করাই তার রাজনীতির মৌলিক লক্ষ্য। এমন মন্তব্য করেছেন তার উপদেষ্টা মাহদী আমিন। গতকাল শুক্রবার (২০ নভেম্বর) নিজের ভেরিফায়েড ফেসবুক আইডিতে তিনি লেখেন, গণমানুষের নেতা, বাংলাদেশের ৭ এর পাতায় দেখুন

সবুজ কারখানায় বিশ্বসেরা বাংলাদেশ

স্টাফ রিপোর্টার :
পরিবেশবান্ধব শিল্পায়নে নতুন ইতিহাস গড়েছে বাংলাদেশ। যুক্তরাষ্ট্রের গ্রিন বিল্ডিং কাউন্সিলের (ইউএসজিবিসি) লিড (এলইইডি) সনদ পেয়েছে দেশের আরও ১২টি তৈরি পোশাক, বস্ত্র ও পোশাকশিল্পের আনুষঙ্গিক পণ্য উৎপাদনকারী কারখানা। এ নিয়ে দেশে লিড সনদপ্রাপ্ত পরিবেশবান্ধব কারখানার সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩০২টিতে। এর মধ্য দিয়ে বিশ্বের সব দেশের মধ্যে সবুজ কারখানার সংখ্যায় শীর্ষস্থান ধরে রেখেছে বাংলাদেশ। নতুন করে সনদ পাওয়া ১২টি কারখানার মধ্যে ৯টি প্লাটিনাম এবং তিনটি গোল্ড ক্যাটাগরিতে স্বীকৃতি পেয়েছে। এসব কারখানার মধ্যে ঢাকার ধামরাইয়ে অবস্থিত অ্যাডজি ট্রিমস লিমিটেড সর্বোচ্চ ৯৭ পয়েন্ট অর্জন করে প্লাটিনাম সনদ পেয়েছে। বাংলাদেশ অ্যাপারেল ভয়েসের (বিএভি) সংকলিত তথ্য অনুযায়ী, দেশে বর্তমানে ৩০২টি লিড সনদপ্রাপ্ত কারখানার মধ্যে ১৩৪টি প্লাটিনাম, ১৪৮টি গোল্ড, ১৬টি সিলভার এবং চারটি সার্টিফায়েড ক্যাটাগরিতে রয়েছে। এছাড়া বিশ্বের সর্বোচ্চ রেটিং পাওয়া ১০০টি লিড সনদপ্রাপ্ত সবুজ কারখানার মধ্যে ৫৩টিই বাংলাদেশে অবস্থিত। ফলে শুধু কারখানার সংখ্যায় নয়, আন্তর্জাতিক মানের পরিবেশবান্ধব শিল্প স্থাপনেও বাংলাদেশের শক্ত অবস্থান তৈরি হয়েছে। নতুন করে প্লাটিনাম সনদ পাওয়া কারখানাগুলোর মধ্যে রয়েছে



৩০০ ছাড়িয়ে নতুন ইতিহাস

গাজীপুরের ডি অ্যান্ড এস প্রিটি ফ্যাশনস লিমিটেড, যা ৯১ পয়েন্ট অর্জন করেছে। একই জেলার প্রবৃদ্ধি অ্যাপারেলস লিমিটেড পেয়েছে ৮৮ পয়েন্ট এবং এল ইউসিন ফ্যাশন লিমিটেড পেয়েছে ৮৫ পয়েন্ট। নারায়ণগঞ্জের এফকেএল প্রিন্টিং বিল্ডিং ৮৬ পয়েন্ট অর্জন করেছে। এছাড়া চট্টগ্রামের ভিজ্যুয়াল ইকো স্টাইলওয়্যার লিমিটেড ৮৪ পয়েন্ট এবং কেডিএস অ্যাপারেলস লিমিটেডের টেক্সটাইল অ্যান্ড ওয়াশিং ইউনিট ৮২ পয়েন্ট পেয়েছে। সাভারের ঢাকা রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকার (ডিইপিজেড) পুরোনো অঞ্চলে অবস্থিত প্যাক্সার বাংলাদেশ লিমিটেড এবং গাজীপুরের বিপ্রবর্তায় অবস্থিত এক্সপো অ্যাকসেসরিজ লিমিটেডও ৮২ পয়েন্ট করে অর্জন করেছে। অন্যদিকে, নতুন করে গোল্ড সনদ পাওয়া তিনটি কারখানা হলো নারায়ণগঞ্জের বার্নালী কালেকশনস লিমিটেডের নিটিং ইউনিট, যা ৬৮ পয়েন্ট পেয়েছে। চট্টগ্রামের বেস্টেক বিডি লিমিটেড ৬৬ পয়েন্ট এবং টাঙ্গাইলের মির্জাপুরে অবস্থিত এক্সপোর্ট বিল্ডিং-২ পেয়েছে ৬৪ পয়েন্ট। লিড সনদ পরিবেশবান্ধব ভবন ও শিল্পকারখানার আন্তর্জাতিক স্বীকৃতি। জ্বালানি ও পানির সাশ্রয়, সম্পদের দক্ষ ব্যবহার, বর্জ্য ব্যবস্থাপনা এবং ভবনের অভ্যন্তরীণ পরিবেশের গুণগত মানসহ বিভিন্ন মানদণ্ডের ভিত্তিতে এ সনদ দেওয়া হয়। বিশ্বের সর্বোচ্চ রেটিং পাওয়া ১০০টি সবুজ কারখানার মধ্যে বাংলাদেশের ৫৩টির অবস্থান দেশের তৈরি পোশাক ও বস্ত্র খাতের পরিবেশবান্ধব উৎপাদনব্যবস্থার অগ্রগতির একটি উল্লেখযোগ্য দৃষ্টান্ত ৭ এর পাতায় দেখুন

গোপালগঞ্জ বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা

স্টাফ রিপোর্টার :
সার্বিক পরিস্থিতি ও শিক্ষার্থীদের নিরাপত্তার কথা বিবেচনায় রেখে গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (গোবিপ্রবি) সব ধরনের ক্লাস ও পরীক্ষা অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছে।আগামী ২২ নভেম্বর থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এ সিদ্ধান্ত কার্যকর থাকবে বলে জানানো হয়েছে। বৃহস্পতিবার (২০ ফেব্রুয়ারি) বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ও রিজেন্ট বোর্ডের সচিব মো. মোরাদ হোসেন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ১৭ নভেম্বর অনুষ্ঠিত রিজেন্ট বোর্ডের ষষ্ঠ জরুরি সভার সিদ্ধান্ত অনুযায়ী, ১৮ ও ১৯ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের সব ক্লাস ও পরীক্ষা বন্ধ রাখা হয়েছিল। একই সভার সিদ্ধান্তের আলোকে জেলার সার্বিক পরিস্থিতি ও শিক্ষার্থীদের নিরাপত্তার বিষয়টি ৭ এর পাতায় দেখুন



বিএনপি সরকারকে হটানো যাবে না: শাহে আলম

স্টাফ রিপোর্টার :
প্রধানমন্ত্রী তারেক রহমানের ৬২তম জন্মদিন উপলক্ষে বগুড়ার শিবগঞ্জ ও মোকামতলা উপজেলার শিক্ষার্থী ও শিক্ষকদের মধ্যে ৬২ হাজার নিমগাছের চারা ও বিশুদ্ধ পানি পান করার মগ বিতরণ করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। গতকাল শুক্রবার (২০ নভেম্বর) সকাল ১০টায় মোকামতলা হাইস্কুল মাঠে এবং বেলা ১১টায় শিবগঞ্জ হাইস্কুল মাঠে পৃথক অনুষ্ঠানের মাধ্যমে এ কর্মসূচি পালন করা হয়। দুই উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীরা এতে অংশ নেন। অনুষ্ঠানে প্রত্যেক শিক্ষার্থীর হাতে একটি করে নিমগাছের চারা ও পানি ৭ এর পাতায় দেখুন

দৈনিক
সকালবেলা
The Daily Sakalbela
নতুন প্রজন্মের কাগজ
শনিবার
২১ নভেম্বর ২০২৬
প্রকাশনার ৩০ বছর

হাম উপসর্গে আরও পাঁচজনের মৃত্যু

স্টাফ রিপোর্টার :
গত ২৪ ঘণ্টায় সারা দেশে হামের উপসর্গ নিয়ে আরও পাঁচ জনের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার (১৯ নভেম্বর) সকাল ৮টা থেকে শুক্রবার (২০ নভেম্বর) সকাল ৮টার মধ্যে এ মৃত্যুর ঘটনা ঘটে। তবে এই সময়ের মধ্যে নিশ্চিত হামে কারো মৃত্যু হয়নি। একই সময়ের মধ্যে হাম ও হামের উপসর্গে আক্রান্ত হয়েছে ১ হাজার ২৭০ জন। স্বাস্থ্য অধিদফতরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, গত ১৫ মার্চ থেকে আজকে পর্যন্ত হামের উপসর্গে দেশে ১ হাজার ২৩৬ শিশুর মৃত্যু হয়েছে। এ সময় হাম শনাক্ত হওয়ার পর মারা গেছে ১০৫ শিশু ৭ এর পাতায় দেখুন

ফরিদপুরে ৫ প্লাটুন বিজিবি মোতায়েন

স্টাফ রিপোর্টার :
জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ফরিদপুরে পাঁচ প্লাটুন বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সদস্য মোতায়েন করা হয়েছে। বৃহস্পতিবার (১৯ নভেম্বর) বিকেলে বিজিবির এই সদস্যরা ফরিদপুরে এসে পৌঁছান। মোতায়েনকৃত পাঁচ প্লাটুনের মধ্যে তিন প্লাটুন ভাঙ্গা উপজেলায় এবং বাকি দুই প্লাটুন ফরিদপুর জেলা সদরে দায়িত্ব পালন করবেন। এ বিষয়ে ফরিদপুরের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সুস্মিতা সাহা জানান, জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও নিয়ন্ত্রণে রাখতে পাঁচ প্লাটুন বিজিবি মোতায়েন করা হয়েছে। এর মধ্যে ভাঙ্গায় তিন প্লাটুন এবং ফরিদপুর সদরে দুই প্লাটুন বিজিবি সদস্য দায়িত্ব পালন করবেন। এদিকে ভাঙ্গা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোহাম্মদ মাহবুবুর রহমান বলেন, শুক্রবার সকাল থেকে ভাঙ্গা উপজেলায় একজন নির্বাহী ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে বিজিবি সদস্যরা মাঠে কাজ শুরু করবেন। সাধারণ মানুষের জানমাল ও রাষ্ট্রীয় সম্পদ রক্ষার্থে তারা নিয়োজিত থাকবেন।



শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন গতকাল ঢাকায় 'IAUP Semi-Annual Meeting 2026'-এ প্রধান অতিথির বক্তৃতা করেন। -পিআইডি

বিশ্বকে নেতৃত্ব দিতে যোগ্য শিক্ষার্থী তৈরির দায়িত্ব বিশ্ববিদ্যালয়ের : শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার :
শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, আগামীর বিশ্বকে যারা নেতৃত্ব দিতে পারবে এমন যোগ্য শিক্ষার্থী তৈরির দায়িত্ব বিশ্ববিদ্যালয়ের। তাই আন্তর্জাতিক সম্মেলন ও সেমিনার থেকে পাওয়া ধারণা ও জ্ঞানকে শিক্ষার বাস্তব উন্নয়নে কাজে লাগানোর বিষয়ে গুরুত্ব দিয়ে কাজ করতে হবে সবাইকে। গতকাল রাজধানীর একটি হোটেলে ইন্টারন্যাশনাল এসোসিয়েশন অব ইউনিভার্সিটি প্রেসিডেন্টসের সেমি-এন্যুয়াল মিটিং ২০২৬ -এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, 'বর্তমানে দেশের ১৫ থেকে ৩০ বছর বয়সি প্রায় পাঁচ কোটি ৮০ লাখ তরুণ রয়েছে যাদের শিক্ষা ও ৭ এর পাতায় দেখুন


সবজির বাজার চড়া, কমেছে মুরগি ও ডিমের দাম

স্টাফ রিপোর্টার :
বৃহস্পতিবার থেকে গুড়িগুড়ি বৃষ্টির কারণে সরবরাহ কমে যাওয়ার অজুহাতে রাজধানীর বাজারগুলোতে সবজির দাম বেড়েছে। সব ধরনের সবজির দাম কেজিতে ২০ থেকে ৫০ টাকা বেড়েছে। তবে সপ্তাহ ব্যবধানে সব ধরনের ডিম ও মুরগির দাম কমেছে। শুক্রবার (২০ নভেম্বর) রাজধানীর শেওড়াপাড়া ও তালতলা বাজার ঘুরে দেখা গেছে এমন চিত্র। এসব বাজার ঘুরে দেখা গেছে, সরবরাহ কমে যাওয়ায় সপ্তাহ ব্যবধানে শীত ও গ্রীষ্মকালিন সব ধরনের সবজি কেজিতে ২০ থেকে ৫০ টাকা পর্যন্ত বেড়েছে। শিম ১ কেজি বিক্রি হচ্ছে ৮০ থেকে ১০০ টাকায় যা গত সপ্তাহে ৬০ থেকে ৭০ টাকা কেজি দরে বিক্রি হয়েছে, নতুন আলু ১৫০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে যা গত সপ্তাহে ৮০ থেকে ১০০ টাকা কেজি দরে বিক্রি হয়েছে, মুলা কেজিতে ১০ টাকা বেড়ে ৫০ টাকা, লাউ ৪০ থেকে ৬০ টাকা, ফুলকপি বড় আকারে ৩০ থেকে ৫০ টাকা এবং ছোট আকারে বাঁধা কপি ৩০ থেকে ৪০ টাকা পিস দরে বিক্রি করতে দেখা গেছে। সপ্তাহ ব্যবধানে সব ধরনের সবজির দাম হঠাৎ করে বেড়ে যাওয়ায় ক্ষোভ প্রকাশ করেছেন ভোক্তারা। তাদের মতে, কোন কারণ ছাড়া সপ্তাহে ব্যবধানে সবজির দাম প্রায় দ্বিগুণ হয়ে গেছে। গত সপ্তাহে টমেটো ৮০ থেকে ১০০ টাকায় কিনলেও আজ সেটা ১৬০ টাকা, শিমের কেজিও প্রায় দ্বিগুণ হয়েছে বলে তারা উল্লেখ করেন। তালতলা বাজারে বাজার করতে আসা শওকত ওসমান শাওন বলেন, সব ধরনের সবজি গত সপ্তাহের ব্যবধানে ২০ থেকে ৫০ টাকা কেজি প্রতি দাম বেড়েছে। এই সময় দাম কমার কথা অথচ উল্টোটা হচ্ছে। বাজার নিয়ন্ত্রণে সরকারের মনিটরিং জরুরি বলে তিনি উল্লেখ করেন। গতকাল থেকে টানা ঝিরঝির বৃষ্টির কারণে পাইকারি বাজারে সবজির সরবরাহ অনেকটাই কম থাকায় সবজির দাম কিছুটা বেড়েছে বলে জানিয়েছেন শেওড়াপাড়ার সবজি বিক্রেতা শাজাহান মিয়া। তিনি বলেন, বৃষ্টির কারণে সরবরাহে কিছুটা ঘাটতি পড়ায় সবজির দাম বেড়েছে। তবে আগামী সপ্তাহে দাম কমবে বলে তিনি আশা প্রকাশ করেন। এসব বাজারে পটল, ঢেঁড়শ, চিচিঙ্গা কেজিতে ১০ থেকে ২০ টাকা বেড়ে ৬০ থেকে ৮০ টাকা, বেগুন ৮০ থেকে ১০০ টাকায়, কাঁচা মরিচ কেজিতে ৬০ থেকে ৮০ টাকা, টমেটো ১৪০ থেকে ১৬০ টাকায়, জলপাই ৫০ থেকে ৬০ টাকা এবং গাজর ইন্ডিয়ানটা কেজিপ্রতি ১২০ থেকে ১৩০ টাকায় বিক্রি হচ্ছে। এসব বাজারে পেঁপে কেজিতে ২০ টাকা এবং আলু ২৫ থেকে ৩০ টাকা এবং পেঁয়াজ ৪৫ থেকে ৫০ টাকা দরে বিক্রি হচ্ছে। বাজারগুলোতে কচুর লতি ৮০ টাকা, কচুরমুখি ৫০ থেকে ৬০ টাকা, শসা দাম ৬০ থেকে ৭০ টাকা, খিরাই ৬০ টাকা, বটবটি ৮০ টাকা ও মিষ্টি কুমড়া ৪০ থেকে ৭ এর পাতায় দেখুন

বাজার দর

ঢাকায় ১০০ দিনের কর্মসূচি ঘোষণা করলো জামায়াত

স্টাফ রিপোর্টার :
রাজধানী ঢাকায় নাগরিক নিরাপত্তা নিশ্চিত করা, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ এবং জুলাই সনদ বাস্তবায়নের দাবিতে ১০০ দিনের কর্মসূচি ঘোষণা করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী উত্তর। আগামী ১ ডিসেম্বর থেকে ফেব্রুয়ারি মাস পর্যন্ত মহানগরীর প্রতিটি প্রশাসনিক ওয়ার্ডে প্রতিদিন একটি করে নাগরিক সমাবেশ করবে দলটি। এসব সমাবেশের পাশাপাশি মিছিল, সভা ও গণসংযোগ কর্মসূচিও পালন করা হবে। গতকাল শুক্রবার (২০ নভেম্বর) রাজধানীর মগবাজারের আল ফালাহ মিলনায়তনে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করেন জামায়াতের ৭ এর পাতায় দেখুন



চব্বিশের ঐক্য বিনষ্ট হতে দেবে না বিএনপি

-সংস্কৃতিমন্ত্রী

স্টাফ রিপোর্টার :
চব্বিশের ঐক্য বিনষ্ট হতে দেওয়া হবে না। চব্বিশের চেতনা ও মেজাজ ধারণ করেই বিএনপি রাজপথে থাকবে বলে মন্তব্য করেছেন সংস্কৃতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী। গতকাল শুক্রবার বেলা সাড়ে ১১টার দিকে মাগুরা জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে জেলা প্রশাসন আয়োজিত আইনশৃঙ্খলা কমিটির সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সংস্কৃতিমন্ত্রী বলেন, রাষ্ট্রবিরোধী কোনো অপকর্মের ব্যাপারে ছাড় দেওয়া হবে না। কোনো অপশক্তির ৭ এর পাতায় দেখুন

এনআইডি সেবায় তৎপরতা বাড়ছে

স্টাফ রিপোর্টার :
ভোটারদের ছবিসহ তালিকাভুক্তির পাশাপাশি নাগরিকদের জাতীয় পরিচয়পত্র সেবা দিয়ে আসছে নির্বাচন কমিশন (ইসি)। তবে এ সেবা নিতে গিয়ে, বিশেষ করে তথ্য সংশোধনকে ঘিরে ভোগান্তির অভিযোগ রয়েছে। নির্বাচন কমিশন সচিব বলেছেন, এনআইডি সেবা সহজীকরণে সব ধরনের উদ্যোগ রয়েছে। শিগগির নানা শ্রেণি-পেশার মানুষের সঙ্গে আলোচনা করে আরও কার্যকর পদক্ষেপ নেওয়া হবে। তবে বয়স, নিজের নাম, পিতা-মাতার নামসহ গুরুত্বপূর্ণ ক্ষেত্রে তথ্যপ্রমাণ ছাড়া সংশোধনযোগ্য নয়, এমন আবেদন নিয়ে ভোগান্তির অভিযোগ করা সঠিক হবে না। বর্তমানে ১২ কোটি ৮৮ লাখের মতো নাগরিক ভোটার তালিকাভুক্ত রয়েছেন। পাশাপাশি ১৬-১৭ বছর বয়সিদের তথ্যও নিবন্ধনের আওতায় রয়েছে; তারাও এনআইডি পাচ্ছেন। নবম সংসদ নির্বাচনের আগে ছবিসহ ভোটার তালিকা প্রণয়ন ও জাতীয় পরিচয়পত্র দেওয়ার কাজ শুরু হলে ২০০৮ সাল থেকে এ সেবা চালু হয়। পরে উন্নতমানের জাতীয় পরিচয়পত্র স্মার্ট কার্ড দেওয়া শুরু করে সাংবিধানিক সংস্থাটি। নানা ধরনের জটিলতার মধ্যে গেল কয়েক বছরে স্মার্ট কার্ড মুদ্রণ ও বিতরণে শম্বুকগতি আসে। সেক্ষেত্রে নাগরিকদের লেমিনেটেড কার্ড দেওয়া চালিয়ে যাচ্ছে। এ এম এম নাসির উদ্দিন নেতৃত্বাধীন কমিশন দায়িত্ব নেওয়ার পর আর্থিক ও কারিগরি জটিলতা কাটিয়ে দ্রুত স্মার্ট কার্ড বিতরণের প্রক্রিয়া শুরু করার উদ্যোগ নিচ্ছে।

এনআইডি সেবায় চ্যালেঞ্জ : ইসির এনআইডি উইংয়ের কর্মকর্তাদের হিসাবে, নভেম্বরের প্রথম সপ্তাহ পর্যন্ত ৬৫ লাখের বেশি আবেদনের নিষ্পত্তি হয়েছে। আর এখন নিষ্পত্তির অপেক্ষায় রয়েছে সোয়া ১ লাখের বেশি আবেদন, যার সিংহভাগই চলতি বছরের। বিভিন্ন কারণে বাতিল হয়েছে সাড়ে ১৩ লাখের বেশি আবেদন। তথ্য গোপন করে ভোটার হওয়া, বয়স সংশোধনে পিতা-মাতা-ভাই-বোনের বয়সের সঙ্গে অবাস্তব পার্থক্য, উপযুক্ত কাগজপত্র না দেওয়াসহ হরেক রকমের বিষয় রয়েছে। এমন অসংগতির বিষয়ে এনআইডি উইংয়ের কর্মকর্তারা বলেন, কাঙ্ক্ষিত কাগজপত্র দাখিল না করা, কাগজপত্র উপযুক্ত বিবেচিত না হওয়া, কাগজের সঙ্গে কাঙ্ক্ষিত তথ্যের মিল না থাকা ও বিদ্যমান তথ্য সঠিক না থাকার মতো কারণে আবেদন বাতিল হয়েছে। শুনানিতে উপস্থিত না হওয়া, জন্মনিবন্ধন সনদসংক্রান্ত সমস্যা, ত্রুটিপূর্ণ আবেদন ও জাল কাগজপত্রের কারণেই বাতিল হয়েছে। তদন্ত প্রতিবেদনের কারণে বাতিল হতে পারে; আবেদনকারী নিজেও অনেক সময় বাতিলের অনুরোধ করেন। জানতে চাইলে ইসি সচিব আখতার আহমেদ বলেন, "এনআইডি সেবা সহজ করার লক্ষ্যে বেশ কিছু পদক্ষেপ নেওয়া হয়েছে। আপিলও সহজ করা হয়েছে। "যেসব আবেদন পেন্ডিং হয়ে আছে, সেগুলোর ক্ষেত্রে রিজেক্ট করে দেওয়া খুব সহজ; কিন্তু রিজেকশনটা যৌক্তিক না হলে নিজের কাছেও খারাপ লাগে। এখানে তথ্যগত ত্রুটি ও অসম্পূর্ণতা থাকে। এছাড়া আমাদেরও কিছু গাফিলতি থাকতে পারে। এনআইডি সংশোধনের আবেদনগুলো ছয়টি ভাগে বিভক্তড় ক, ক-১, খ, খ-১, গ ও ঘ। এর মধ্যে 'ক' ক্যাটাগরিতে নামের বানান বা ছোটখাটো ভুল ঠিক করা হয়। 'খ' ক্যাটাগরিতে থাকে ছবি, স্বাক্ষর বা অন্যান্য তথ্য পরিবর্তনের বিষয়। 'গ' ক্যাটাগরিতে নাম কিংবা বাবা-মায়ের নামের বড় কোনো পরিবর্তন করা হয়। আর 'ঘ' ক্যাটাগরিতে জন্মতারিখ, বয়স, বাবা-মায়ের নামের তথ্য সংশোধন করা হয়। এ ছাড়া 'ক-১' ও 'খ-১' ৭ এর পাতায় দেখুন

> "সেবা সহজ করতে বেশ কিছু পদক্ষেপ নেওয়া হয়েছে: আপিলও সহজ করা হয়েছে
> -ইসি সচিব আখতার আহমেদ

১ ডিসেম্বর থেকে যানবাহনের বিরুদ্ধে বিশেষ অভিযান

স্টাফ রিপোর্টার :
ঢাকা মহানগরীর সড়কে শৃঙ্খলা আনা, শব্দদূষণ নিয়ন্ত্রণ ও জনস্বার্থ সংরক্ষণে আগামী ১ ডিসেম্বর থেকে অননুমোদিত হুটার, হাইড্রোলিক হর্ন ও বিকন লাইট সংযোজন বা ব্যবহারকারী যানবাহনের বিরুদ্ধে আইন ও বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। আগামী ১ ডিসেম্বর সকাল থেকেই চেকপোস্ট বসিয়ে অভিযান শুরু করা হবে। এর আগেই সংশ্লিষ্ট সব যানবাহন থেকে এসব অননুমোদিত সরঞ্জাম অপসারণের জন্য যানবাহনের মালিক ও চালকদের অনুরোধ করেছে ডিএমপি। এ সময়ের পর কোনো যানবাহনে এসব অননুমোদিত সরঞ্জাম সংযোজিত বা ব্যবহৃত অবস্থায় পাওয়া গেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রচলিত আইন ও বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। ডিএমপির মিডিয়া ও পাবলিক রিলেসন্স বিভাগের উপ-কমিশনার মো. আকতার হোসেন ৭ এর পাতায় দেখুন



অস্ট্রেলিয়া-মালয়েশিয়া সফরে ঢাকা ছাড়লেন বিরোধীদলীয় নেতা

স্টাফ রিপোর্টার :
অস্ট্রেলিয়া ও মালয়েশিয়া সফরের উদ্দেশে ঢাকা ছেড়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। গত বৃহস্পতিবার (১৯ নভেম্বর) দিবাগত রাত ১২টা ৫০ মিনিটে তিনি ঢাকা ছাড়েন। ২০ থেকে ২৬ নভেম্বর পর্যন্ত এ সফরে অস্ট্রেলিয়া ও মালয়েশিয়ায় অবস্থান করবেন তিনি। সফরকালে অস্ট্রেলিয়া সরকারের উচ্চপর্যায়ের ব্যক্তিদের সঙ্গে বৈঠক করার কথা রয়েছে ডা. শফিকুর রহমানের। পাশাপাশি প্রবাসী বাংলাদেশিদের আয়োজনে বিভিন্ন কর্মসূচিতে অংশ নেবেন তিনি। মালয়েশিয়াতেও প্রবাসী বাংলাদেশিদের বিভিন্ন কর্মসূচিতে যোগ দেবেন বিরোধীদলীয় নেতা। এ সফরে তার সফরসঙ্গী হিসেবে রয়েছেন ডা. মোসলেহ উদ্দিন ফরিদ, বিরোধীদলীয় নেতার ৭ এর পাতায় দেখুন



১৮ মাসের মধ্যে রোহিঙ্গাদের প্রত্যাবাসন চায় বাংলাদেশ

-পররাষ্ট্র প্রতিমন্ত্রী

স্টাফ রিপোর্টার :
আগামী ১২ থেকে ১৮ মাসের মধ্যে রোহিঙ্গাদের নিরাপদে মিয়ানমারে ফেরত পাঠাতে চায় বাংলাদেশ। এ লক্ষ্য পূরণে জাতিসংঘ ও দ্বিপক্ষীয় অংশীদারদের সঙ্গে কূটনৈতিক তৎপরতা আরও জোরদার করা হবে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। রোহিঙ্গা গণহত্যার বিষয়ে আন্তর্জাতিক বিচার আদালতের (আইসিজে) রায় নিয়ে গতকাল শুক্রবার (২০ নভেম্বর) এক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের তিনি বলেন, এক থেকে দেড় বছরের মধ্যে নিরাপদ প্রত্যাবাসনের পথ তৈরি করতে ৭ এর পাতায় দেখুন

এলাকায় সক্রিয় বিএনপির এমপিরা

স্টাফ রিপোর্টার :
উদ্ভূত রাজনৈতিক পরিস্থিতি মোকাবিলায় ত্রয়োদশ জাতীয় সংসদের চতুর্থ অধিবেশনের সমাপনী দিনে বুধবার সংসদীয় দলের সভায় প্রধানমন্ত্রী তারেক রহমান সংসদ সদস্যদের নিজ নিজ নির্বাচনী এলাকায় চলে যাওয়ার নির্দেশ দেন। এই নির্দেশের পরই নিজ নিজ এলাকায় ফিরেছেন অনেক এমপি। কেউ কেউ এরই মধ্যে পথে, আবার কারও ফেরার প্রস্তুতি শুরু হয়েছে। বিএনপির একাধিক এমপির সঙ্গে কথা হয় বৃহস্পতিবার। তাদের অনেকেই সংসদ অধিবেশন শেষ হওয়ার পরই ঢাকা ছেড়ে নিজ নিজ এলাকায় পৌঁছে গেছেন। রাজধানীতে বসে নয়, বরং মাঠে থেকে উদ্ভূত রাজনৈতিক পরিস্থিতি মোকাবিলা, দলীয় কর্মসূচিতে অংশ নেওয়া এবং মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে চান তারা। কেউ রওনা হয়েছেন, আবার কেউ আজ শুক্রবার ও আগামীকাল শনিবার এলাকায় যাওয়ার প্রস্তুতি নিচ্ছেন। জানা গেছে, শুধু রাজনৈতিক পরিস্থিতি মোকাবিলা নয়, ডিসেম্বরজুড়ে দলীয় কর্মসূচিতে সংসদ সদস্যদের নিজ নিজ এলাকায় সক্রিয় উপস্থিতি নিশ্চিত করতে চায় বিএনপির হাইকমান্ড। ঢাকায় কেন্দ্রীয় কার্যালয় ও সচিবালয়ে সংসদ সদস্যদের অনাকাঙ্ক্ষিত ভিড় দেখতে চান না শীর্ষ নেতৃত্ব। এ কারণেই সংসদ অধিবেশন শেষে সব সংসদ সদস্যকে এলাকায় চলে যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রীর এই নির্দেশ অক্ষরে অক্ষরে পালন করতে কেউ সড়ক পথে, কেউ আকাশ পথে, কেউ নৌপথে, আবার কেউ রেলপথে নিজ এলাকায় রওনা হয়েছেন। সড়ক পথে যাতায়াতকে যারা সমস্যা মনে করছেন, তারা আকাশপথ বেছে নিচ্ছেন। অন্যদিকে, যাদের নির্বাচনী এলাকা ঢাকার আশপাশে, তারা সড়কপথেই পৌঁছে গেছেন নিজ নিজ এলাকায়। সরাসরি নির্বাচিত বিএনপির ২১১ জন এমপির মধ্যে অনেকেই বর্তমানে নিজ এলাকায় অবস্থান করছেন। বিএনপির সংসদ সদস্য মোহাম্মদ আক্তারুজ্জামান (ময়মনসিংহ-১০) বৃহস্পতিবার দুপুরে বলেন, 'প্রধানমন্ত্রী ও দলের চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশে আমি এই মুহূর্তে নির্বাচনী এলকা গফরগাঁওয়ে অবস্থান করছি। আজ (বৃহস্পতিবার) বিকালে গফরগাঁও মিনি স্টেডিয়ামে সমাবেশ করেছি। তিনি আরও বলেন, 'যেকোনো ধরনের সন্ত্রাস ও নাশকতা আমরা মাঠে থেকে মোকাবিলা করতে চাই। জনগণ আমাদের ভোট দিয়েছে তাদের স্বাভাবিক জীবনযাত্রা ও নিরাপত্তা নিশ্চিত করতে। দেশের মানুষ আর পেছনে ফিরে যেতে চায় না। যেকোনো মূল্যে আমরা মানুষের স্বাভাবিক জীবন নিশ্চত করব। বিএনপির চেয়ারম্যানের উপদেষ্টা ও সংসদ সদস্য মো. মজিবর রহমান সরওয়ার (বরিশাল-৫) বৃহস্পতিবার বিকালে বলেন, 'আমি এখনও ঢাকায় আছি। আগামীকাল (আজ শুক্রবার) বিকালে আমার নির্বাচনী এলাকায় জনসভা ডাকা ৭ এর পাতায় দেখুন



জনগণ আমাদের সমর্থন দিয়ে ক্ষমতায় বসিয়েছে: পরিবেশমন্ত্রী

স্টাফ রিপোর্টার :
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনবিষয়ক মন্ত্রী আবদুল আউয়াল মিন্টু বলেছেন, আমরা বিগত ১৭ বছর অত্যাচার-নির্যাতনের শিকার হয়েছি। জনগণ আমাদের সমর্থন দিয়ে ক্ষমতায় বসিয়েছে। দেশের মানুষ বর্তমানে শান্তিতে রয়েছে। তিনি বলেন, আমরা শান্তিতে থাকতে চাই। যারা আইনগতভাবে নিষিদ্ধ, তারা দেশে অরাজক পরিস্থিতি সৃষ্টি করতে চায়। তাদের কোনোভাবেই প্রশ্রয় দেওয়া যাবে না। গতকাল শুক্রবার সকালে ফেনীর দাগনভূঞা উপজেলা পরিষদ মিলনায়তনে এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। পরিবেশমন্ত্রী বলেন, যারা অতীতে অত্যাচার-নির্যাতনে জড়িত ছিল এবং বর্তমানে বেআইনি কর্মকাণ্ড করছে, তাদের ৭ এর পাতায় দেখুন

কুয়েতের মরুভূমিতে মাইন বিস্ফোরণে বাংলাদেশি নিহত

স্টাফ রিপোর্টার :
কুয়েতের আল-সালমি মরুভূমিতে ১৯৯০ সালের ইরাকি আগ্রাসনের সময় পুঁতে রাখা অবিস্ফোরিত মাইন বিস্ফোরণে এক বাংলাদেশি নাগরিক নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছে একটি উট। প্রায় ৩৬ বছর পেরিয়ে গেলেও ইরাকি আগ্রাসনের রেখে যাওয়া বিস্ফোরক যে এখনো মানুষের জীবনের জন্য কতটা ভয়াবহ হুমকি, এ ঘটনার মধ্যদিয়ে তা আবারও সামনে এসেছে। এ দুর্ঘটনার খবর পেয়ে কুয়েতের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অপারেশন রুম থেকে নিরাপত্তা বাহিনী, ফরেনসিক তদন্তকারী দল ও জরুরি উদ্ধারকারী দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছায়। প্রাথমিক তদন্তে জানা গেছে, ১৯৯০ সালে ইরাকি আগ্রাসনের সময় পুঁতে রাখা ব্যক্তি বিধ্বংসী মাইন বা অ্যান্টি-পার্সোনেল ল্যান্ডমাইনের ওপর অসাবধানতাবশত পা রাখলে সেটি বিস্ফোরিত হয়। এতে গুরুতর আহত হয়ে ঘটনাস্থলেই ওই বাংলাদেশি নাগরিকের মৃত্যু হয়। এ ৭ এর পাতায় দেখুন



কক্সবাজারে ট্রেনের ধাক্কায় একই পরিবারের ৪ জনের মৃত্যু

স্টাফ রিপোর্টার :
কক্সবাজারের রামুতে ট্রেনের ধাক্কায় সিএনজিচালিত অটোরিকশায় থাকা দুই শিশুসহ একই পরিবারের চারজনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আহত হয়েছেন আরও তিনজন। তাদের মধ্যে এক শিশুসহ দুইজনের অবস্থা আশঙ্কাজনক। শুক্রবার (২০ নভেম্বর) বিকেল সাড়ে ৩টার দিকে উপজেলার দক্ষিণ মিঠাছড়ি এলাকার একটি রেলক্রসিংয়ে এ দুর্ঘটনা ঘটে। সিসিটিভি ফুটেজে দেখা যায়, ক্রসিং দিয়ে রেললাইন অতিক্রমের সময় সিএনজিটিকে কক্সবাজারগামী ট্রেন পর্যটক এক্সপ্রেস ধাক্কা দেয়। এ সময় ক্রসিংয়ে কোনো নিরাপত্তারক্ষী ছিলেন না। নিহতরা হলেন দক্ষিণ মিঠাছড়ির চেইন্দা কাইম্যারঘোনা এলাকার সাজ্জাদ হোসেন রুবেল, তার বোন কাশিফা জান্নাত (২০), তিন বছর বয়সী সাহিল ও পাঁচ মাস বয়সী মাশরুফা। আহতরা হলেন রুবেলের স্ত্রী তানিয়া (২২), কাশিফার স্বামী সাকিল ও আরও এক শিশু। তাদের কক্সবাজার সদর হাসপাতালসহ বিভিন্ন হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে। আহতদের মধ্যে তানিয়ার অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে। মনোয়ারা বেগম ৭ এর পাতায় দেখুন

উন্নয়নকাজের গুণগত মান নিয়ে আপস নয়

-প্রশাসক শাহাদাত

স্টাফ রিপোর্টার :
উন্নয়নকাজে কোনো ধরনের অনিয়ম, অবহেলা কিংবা নিম্নমানের কাজ গ্রহণযোগ্য হবে না বলে হুঁশিয়ারি দিয়েছেন চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) প্রশাসক ডা. শাহাদাত হোসেন। গতকাল শুক্রবার (২০ নভেম্বর) নগরের ২৭ নম্বর দক্ষিণ আগ্রাবাদ ওয়ার্ডের ছোটপুল এলাকায় চলমান উন্নয়নকাজ পরিদর্শনকালে এ নির্দেশনা দেন তিনি। পরিদর্শনকালে প্রশাসক এলাকার উন্নয়নকাজের অগ্রগতি, নির্মাণসামগ্রীর মান ও বাস্তবায়ন পরিস্থিতি সরেজমিনে দেখেন। এ সময় সংশ্লিষ্ট প্রকৌশলী ও কর্মকর্তাদের নির্ধারিত সময়ের মধ্যে মানসম্মত কাজ শেষ করার নির্দেশ দেন। ডা. শাহাদাত হোসেন বলেন, জনগণের অর্থে পরিচালিত প্রতিটি উন্নয়ন প্রকল্প হতে হবে টেকসই ও মানসম্মত। উন্নয়নকাজের গুণগত মানের সঙ্গে কোনো ধরনের আপস করা যাবে না। নগরবাসী যেন এসব ৭ এর পাতায় দেখুন

শৃঙ্খলা ফেরাতে সরকারের ৫ উদ্যোগ

আইন অমান্যের প্রবণতায় বাড়ছে দুর্ঘটনা

স্টাফ রিপোর্টার :
প্রতিদিনই দেশের কোথাও না কোথাও সড়ক দুর্ঘটনায় মানুষ প্রাণ হারাচ্ছে। এছাড়া অনেকে বরণ করছে পঙ্গুত্ব। বেপরোয়া গতি, বিপজ্জনক ওভারটেকিং, ট্রাফিক আইন অমান্য, ফিটনেসবিহীন যানবাহন এবং চালকের অদক্ষতার কারণে দুর্ঘটনার ঝুঁকি বাড়ছে। এ পরিস্থিতিতে সড়ক দুর্ঘটনা কমানো ও যান চলাচলে শৃঙ্খলা ফিরিয়ে আনতে পাঁচটি উদ্যোগ গ্রহণের কথা জানিয়েছে সরকার। উদ্যোগগুলোর মধ্যে রয়েছেড়ে বিদ্যমান আইন সংস্কার করে নতুন আইন প্রণয়ন, কয়েক হাজার চালককে প্রশিক্ষণ, যাত্রীদের সচেতন করতে প্রচার ও লিফলেট বিতরণ, সড়কের বাঁকে নির্দেশক চিহ্ন আরও স্পষ্টভাবে স্থাপন এবং সড়ক-মহাসড়কে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কার্যক্রম জোরদার করা। রোড সেফটি ফাউন্ডেশনের তথ্য অনুযায়ী, ২০২০ সাল থেকে ২০২৬ সালের অক্টোবর পর্যন্ত দেশে সড়ক দুর্ঘটনায় অন্তত ৪৫ হাজার ২৫২ জনের মৃত্যু হয়েছে। এ সময়ে ৩৮ হাজার ৩৫৭টি দুর্ঘটনায় ২০২৫ সাল পর্যন্ত ৪০ হাজার ৬০৫ জন নিহত এবং ৬৭ হাজার ৩৬৪ জন আহত হয়েছেন। অন্যদিকে ২০২৬ সালের জানুয়ারি থেকে অক্টোবর পর্যন্ত ৫ হাজার ৯৩টি দুর্ঘটনায় ৪ হাজার ৬৪৭ জন নিহত হয়েছেন। সংস্থাটির পৃথক পারিবারিক বিশ্লেষণে দেখা গেছে, ২০২০ সাল থেকে ২০২৬ সালের অক্টোবর পর্যন্ত প্রায় ৩০০টি পরিবার সড়ক দুর্ঘটনায় সম্পূর্ণ নিশ্চিহ্ন হয়ে গেছে। মোটরসাইকেল, অটোরিকশা, মাইক্রোবাস, ব্যক্তিগত গাড়ি, বাস ও পিকআপ দুর্ঘটনায় এসব প্রাণহানি ঘটেছে। ২০২৫ সালের বার্ষিক পরিসংখ্যানেও পরিস্থিতির ভয়াবহতা উঠে এসেছে।

বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে

মন্ত্রণালয়ের সপ্তাহিক ব্রিফিংয়ে মুখপাত্র রণধীর জয়সওয়াল এসব কথা জানিয়েছেন। জয়সওয়াল বলেন, বাংলাদেশের সঙ্গে ইতিবাচক, ভবিষ্যৎমুখী এবং একই সঙ্গে গঠনমূলক সম্পর্ক গড়ে তোলাই আমাদের ধারাবাহিক অবস্থান। আমাদের অভিন্ন ইতিহাস, ত্যাগ ও সাংস্কৃতিক মূল্যবোধের ভিত্তিতে এ সম্পর্ক প্রতিষ্ঠিত। বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয় নিয়ে সাম্প্রতিক কিছু মন্তব্যের বিষয়ে প্রতিক্রিয়া জানতে চাইলে তিনি বলেন, বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয় নিয়ে আমরা কোনো মন্তব্য করতে চাই না।

২৩ নভেম্বর বাংলাদেশে

করবেন। সফরকালে ফারিদা শহীদ সরকারের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, নাগরিক সমাজের প্রতিনিধি, শিক্ষক সংগঠন, শিক্ষার্থী সংগঠন, শিক্ষাবিদসহ শিক্ষা খাতের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন পক্ষের সঙ্গে বৈঠক করবেন। এ ছাড়া তিনি দেশের বিভিন্ন স্কুল ও বিশ্ববিদ্যালয় পরিদর্শন করবেন। সফরে তার ঢাকা, বান্দরবান ও সিলেট যাওয়ার কথা রয়েছে।

এ সফরে সবার জন্য মানসম্মত সরকারি শিক্ষায় বৈষম্যহীন প্রবেশাধিকার নিশ্চিত করার বিষয়টি বিশেষ গুরুত্ব পাবে। বিশেষ করে সমাজের প্রান্তিক জনগোষ্ঠীর শিক্ষার সুযোগ ও অধিকার পরিস্থিতি পর্যালোচনা করবেন তিনি। পাশাপাশি শিক্ষা খাতে অর্থায়ন এবং সংশ্লিষ্ট পক্ষগুলোর উত্থাপিত অন্যান্য বিষয়ও তার পর্যালোচনায় থাকবে। সফরের প্রাথমিক পর্যবেক্ষণ তুলে ধরতে আগামী ৩ ডিসেম্বর দুপুর ২টায় ঢাকায় জাতিসংঘ ভবনে সংবাদ সম্মেলন করবেন ফারিদা শহীদ। এতে শুধু স্বীকৃত সাংবাদিকেরা অংশ নিতে পারবেন। বাংলাদেশ সফরের ওপর পূর্ণাঙ্গ প্রতিবেদন আগামী ২০২৭ সালের জুনে জাতিসংঘের মানবাধিকার পরিষদে উপস্থাপন করবেন বিশেষ দূত।

নিষিদ্ধ আ. লীগের রক্তের তৃষ্ণা

কালিয়ায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ নেতাকর্মীদের হামলায় নিহত বিএনপির দুই নেতার কবর জিয়ারত শেষে তিনি এ কথা বলেন। কবর জিয়ারত শেষে বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী বলেন, যাদের জিহ্বায় রক্তের তৃষ্ণা, বিদেশে পালিয়ে থেকেও তাদের সেই তৃষ্ণা আরও তীব্র ও গভীর হয়েছে। তারা এখনো দেশের গণতন্ত্রকামী মানুষদের রক্ত ঝরাচ্ছে। নিহত নেতাদের হত্যাকাণ্ডের বিচারে হুঁশিয়ারি দিয়ে বিএনপির এ নেতা বলেন, ছাত্র-জনতার প্রবল প্রতিরোধের মুখে পালিয়ে যাওয়ার পরও পার্শ্ববর্তী দেশ থেকে তাদের অনুচরদের দিয়ে একের পর এক হত্যাকাণ্ড ঘটানো হচ্ছে। এর নির্মম শিকার হয়েছেন কালিয়া উপজেলা জাসাসের সাধারণ সম্পাদক সোহেল রানা এবং কৃষক দলের সাধারণ সম্পাদক শাহিনুর রহমান। তিনি বলেন, ২০২৪ সালের জুলাই-আগস্টের বিপ্লবে আহনাফ, মুগ্ধ, আবু সাঈদ, ওয়াসিম, আকরাম ও ফাইজাের মতো অসংখ্য শিক্ষার্থীকে গুলি করেও তারা ক্ষান্ত হয়নি। তবে এই দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব যেমন কেউ নস্যাৎ করতে পারবে না, তেমনি এই হত্যাকাণ্ডগুলোর বিচারও হবেই।

দেশের শিক্ষা ব্যবস্থাকে আমূল ঢেলে

আয়োজিত এক অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। এসময় রাষ্ট্রপতি দেশের শিক্ষাব্যবস্থাকে প্রয়োজন ও চাহিদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করার ওপর গুরুত্বারোপ করে বলেন, এমন শিক্ষা নিশ্চিত করতে হবে, যা শিক্ষার্থীদের সত্যিকারার্থে দক্ষ করে তুলবে এবং দেশের জন্য কার্যকর অবদান রাখতে সক্ষম করবে। ঢাকা কলেজের প্রসঙ্গ উল্লেখ করে তিনি বলেন, এই উপমহাদেশের অনেক মানুষের শিক্ষাজীবনের সঙ্গে এ শিক্ষাপ্রতিষ্ঠানের সম্পর্ক রয়েছে। তৎকালীন বাংলায় শিক্ষার আলো ছড়িয়ে দেওয়ার ক্ষেত্রে ঢাকা কলেজের শিক্ষক-শিক্ষার্থী ও সংশ্লিষ্ট ব্যক্তিরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। তিনি বলেন, শুধু আজকের বাংলাদেশ নয়, তৎকালীন পাকিস্তান এবং তারও আগে ব্রিটিশ শাসনামলেও ঢাকা কলেজের শিক্ষার্থীরা বিভিন্ন ক্ষেত্রে নেতৃত্ব দিয়েছেন এবং এ প্রতিষ্ঠান শিক্ষার্থীরা প্রশাসনিক, রাজনৈতিক ও শিক্ষাক্ষেত্রে তারা সবসময় নেতৃত্বের আসনে ছিলেন। এসময় নিজের ছাত্রজীবনের স্মৃতিচারণ করে রাষ্ট্রপতি বলেন, ১৯৬৩ থেকে ১৯৬৫ সাল পর্যন্ত ঢাকা কলেজে পড়াশোনা করেছি। সেসময় কলেজে ছাত্র রাজনীতি ও সংগঠন কঠোরভাবে নিষিদ্ধ ছিল। কিন্তু সেই পরিবেশের মধ্যেও ছাত্ররাজনীতি হয়েছে। গোপনে শহীদ মিনারে ফুল দিয়েছেন এবং গোপনে সংগঠন করার চেষ্টা করেছেন। রাষ্ট্রপতি বলেন, ঢাকা কলেজ এ দেশ, এ অঞ্চলের অন্যতম বিদ্যাপীঠ। এখান থেকে সবচেয়ে সৃজনশীল ও মেধাবী মানুষ বেরিয়ে এসেছেন এবং তারা দেশ পরিচালনায় ভূমিকা রেখেছেন।

ইতিহাসে অবিস্মরণীয়

স্বাধীনতা-সার্বভৌমত্ব ও ভৌগোলিক অখণ্ডত্ব রক্ষায় সশস্ত্র বাহিনীর দেশপ্রেমিক সদস্যগণ অতন্দ্র প্রহরীর ভূমিকা পালন করে চলেছে। তারেক রহমান বলেন, বিশ্বশান্তি রক্ষায় বাংলাদেশের সশস্ত্র বাহিনীর ভূমিকা আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের ভাবমূর্তি বাড়িয়েছে। শান্তিরক্ষায় বিশ্ব দরবারে বাংলাদেশের ভূমিকাকে শক্তিশালী ও প্রশংসনীয় করেছে। আমি আশা করি ভবিষ্যতেও এই ভূমিকা অব্যাহত থাকবে। দেশের সকল প্রাকৃতিক দুর্যোগ ও দুর্বিপাকের সময় সশস্ত্র বাহিনীর বলিষ্ঠ ভূমিকা এই বাহিনীকে জাতির আস্থার প্রতীকে পরিণত করেছে। প্রধানমন্ত্রী বলেন, সাবেক সেনাপ্রধান ও সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমান বাংলাদেশের সশস্ত্র বাহিনীকে একটি সুশৃঙ্খল, ক্ষিপ্র ও সদা তৎপর এক আধুনিক বাহিনীতে পরিণত করেছিলেন। সশস্ত্র বাহিনীকে সুশিক্ষিত ও পেশাদার বাহিনীতে পরিণত করেন। সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী মরহুমা বেগম খালেদা জিয়ার শাসনামলেও সশস্ত্র বাহিনীর আরও আধুনিকায়ন অব্যাহত থাকে।

রাজনীতির নামে মানুষ হত্যা ও

মানুষকে গুম, খুন করলো, জনরোষ থেকে বাঁচতে পালিয়ে গেলো তারা ফেসবুকে বুক ফুলিয়ে উসকানি দিচ্ছে। বাইরের দেশে বসে উসকানি দিয়ে নিরীহ সরল মানুষগুলোকে ঘুমন্ত অবস্থায় মেরে ফেলছে। খারাপ কাজের উত্তর খারাপভাবে দেওয়া যাবে না, সজাগ থেকে জনগণকে সাথে নিয়ে প্রতিরোধ গড়ে তুলতে হবে। এসময় আড়াই হাজার কৃষকের মাঝে বিনামূল্যে ১ কেজি সরিষা বীজ ও ২০ কেজি করে সার তুলে দেন তিনি।

শাহজালালেও নাশকতার

পর্যায়ে। ১৬ ডিসেম্বর উদ্বোধন সামনে রেখে শেষ মুহূর্তের কাজ দ্রুত শেষ করছেন সংশ্লিষ্টরা। গোয়েন্দাদের ধারণা, উদ্বোধনের আগেই থার্ড টার্মিনালে নাশকতা চালানো গেলে দেশে-বিদেশে ব্যাপক প্রতিক্রিয়া তৈরি হবে। দেশীয় ও আন্তর্জাতিক গণমাধ্যমে ঘটনাটি গুরুত্ব পাবে। একই সঙ্গে দেশের নিরাপত্তাব্যবস্থা নিয়েও প্রশ্ন তোলার সুযোগ তৈরি হবে। নাশকতা সফল হলে টার্মিনালটির উদ্বোধন পিছিয়ে দেওয়ার পরিস্থিতিও তৈরি হতে পারে। এসব লক্ষ্য থেকেই স্থাপনাটিকে টার্গেট করা হয়েছে বলে মনে করছেন গোয়েন্দারা।

কেন হ্যাঙ্গার গেট : বিমানবন্দরের আরেকটি গুরুত্বপূর্ণ স্থাপনা হ্যাঙ্গার গেট। জানা যায়, বিমানবন্দরের হ্যাঙ্গার, কার্গো কমপ্লেক্স এবং সংরক্ষিত বা অপারেশনাল এলাকায় প্রবেশ ও বের হওয়ার অন্যতম প্রধান পথ এটি। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ৮ নম্বর গেটটি হ্যাঙ্গার গেট নামে পরিচিত। এই গেট দিয়ে আমদানি-রপ্তানি পণ্য বা কার্গো বিমানবন্দরের কার্গো ভিলেজ থেকে বাইরে নেওয়া হয়। বিমানের রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় ভারী যন্ত্রপাতি, খুচরা যন্ত্রাংশ ও কারিগরি সরঞ্জামও এই পথ দিয়ে আনা-নেওয়া করা হয়। বিমানবন্দরের প্রকৌশলী, টেকনিশিয়ান, গ্রাউন্ড হ্যান্ডলিং কর্মী, কাস্টমস কর্মকর্তা এবং জ্বালানি ও ক্যাটারিং সরবরাহকারী বিশেষ যানবাহন এই গেট দিয়ে বিমানবন্দরের অপারেশনাল এলাকায় প্রবেশ করে। এ ছাড়া বিমানবন্দরে দুর্ঘটনা বা অগ্নিকাণ্ডের মতো জরুরি পরিস্থিতিতে ফায়ার সার্ভিস, অ্যাম্বুলেন্স ও উদ্ধারকারী দলের যানবাহন দ্রুত প্রবেশের জন্যও গেটটি গুরুত্বপূর্ণ পথ হিসেবে ব্যবহৃত হয়।

আন্তর্জাতিক আদালতের রায়

পক্ষ থেকে সব ধরনের প্রচেষ্টা থাকা সত্ত্বেও, রায়ের ফলাফলের দিকে তাকালে দেখা যায়-১৫ জন বিচারকের সবাই এই সিদ্ধান্তের সঙ্গে একমত ছিলেন না। রায়টি ৯-৬ ভোটে গৃহীত হয়েছে। "সুতরাং এটি সর্বসম্মত সিদ্ধান্ত ছিল না এবং আমি বলব, এটি ন্যায়সংগতও নয়। ২০১৭ সালের আগস্ট মাসের প্রথম দিকে রাখাইনে কয়েকটি পুলিশ স্টেশন ও সেনা ছাউনিতে একযোগে বোমা বিস্ফোরণ হয়। পরে সেই বিস্ফোরণের দায় স্বীকার করে রোহিঙ্গা সশস্ত্রগোষ্ঠী আরকান স্যালভেশন আর্মি (আরসা)। সেই হামলার প্রতিক্রিয়ায় ওই মাসের মাঝামাঝি সময় থেকে রাখাইনে বসবাসকারী রোহিঙ্গাদের লক্ষ্য করে সহিংস অভিযান শুরু করে মিয়ানমারের সেনাবাহিনী। ভয়াবহ সেই সহিংসতার সামনে টিকতে না পেরে বাংলাদেশে পালিয়ে আসেন ৭ লক্ষাধিক রোহিঙ্গা। বর্তমানে কক্সবাজারের আশ্রয় শিবিরে আশ্রিত রোহিঙ্গাদের সংখ্যা ১০ লাখ ছাড়িয়ে গেছে। বাংলাদেশ ছাড়াও ভারত, মালয়েশিয়া, থাইল্যান্ড এবং ইন্দোনেশিয়ায় কয়েক লাখ রোহিঙ্গা শরণার্থী আশ্রয় নিয়েছেন। রোহিঙ্গাদের বিরুদ্ধে সংঘটিত নৃশংসতার ঘটনায় গণহত্যা সনদ লঙ্ঘনের অভিযোগে ২০১৯ সালের নভেম্বরে মিয়ানমারের বিরুদ্ধে আইসিজেতে মামলা করে আফ্রিকার দেশ গাম্বিয়া। সেই মামলার রায় ঘোষণা হয়েছে গতকাল ১৯ নভেম্বর।

আইসিজের রায় না

রোহিঙ্গারা তাকে স্বাগত জানান। এ সময় তিনি শরণার্থীদের সঙ্গে কথা বলেন এবং তাদের দীর্ঘদিনের দুর্ভোগ, নিরাপত্তাহীনতা ও নিজ দেশে ফিরে যাওয়ার আকাঙ্ক্ষার কথা শোনেন। সফরকালে ড. খলিলুর রহমান বলেন, বিশেষ একটি সময়ে ও ঐতিহাসিক মুহূর্তে তিনি রোহিঙ্গা ক্যাম্পে এসেছেন। এর আগের দিন আন্তর্জাতিক বিচার আদালত মিয়ানমারের বিরুদ্ধে রোহিঙ্গা জনগোষ্ঠীর ওপর গণহত্যার মামলায় রায় দিয়েছেন। আদালতের ইতিহাসে এটি একটি গুরুত্বপূর্ণ ঘটনা। রায়ের বাস্তবায়ন প্রসঙ্গে তিনি বলেন, রোহিঙ্গাদের ওপর গণহত্যা ও নির্যাতনের জন্য দায়ীদের বিচারের আওতায় এনে যথাযথ শাস্তি নিশ্চিত করতে হবে। আইসিজের রায় মেনে চলতে মিয়ানমার বাধ্য। অন্যথায় পরিণতি ভালো হবে না। তিনি আরও বলেন, গণহত্যায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ন্যায়বিচার ও উপযুক্ত ক্ষতিপূরণ দিতে হবে। একই সঙ্গে রোহিঙ্গাদের হারানো অধিকার, পরিচয় ও মর্যাদা ফিরিয়ে দেওয়ার ব্যবস্থা করতে হবে। রোহিঙ্গাদের প্রত্যাবাসনের বিষয়ে পররাষ্ট্রমন্ত্রী বলেন, তাদের নিরাপদ, স্বেচ্ছামূলক ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসন নিশ্চিত করা জরুরি। মিয়ানমারের রাখাইন রাজ্যে ফিরে যাওয়ার পর যেন তারা আবার নির্যাতন, নিপীড়ন ও বৈষম্যের শিকার না হন, তা নিশ্চিত করতে হবে।

নিরাপত্তা চেয়ে জিডি করলেন ওসি

হুমকির বার্তা পাঠানো হয়। বার্তাগুলোতে ইংরেজি ও বাংলায় বিভিন্ন ধরনের ভয়ভীতি প্রদর্শন করা হয়। ইংরেজিতে পাঠানো বার্তাগুলোর মধ্যে রয়েছে, 'How are youÕ, ÔWe are worry about your familyÕ Ges ÔIf u keep on doing what you did we will take action very soon'। এ ছাড়া বাংলায় পাঠানো বার্তায় বলা হয়, 'পরিবার শেষ করে দেব। বংশ শেষ করে দেব', 'আজকের পর থেকে কোনো ছাত্রলীগের নেতা-কর্মীকে গ্রেপ্তার করা হলে খবর আছে। অন্য একটি বার্তায় তাকে উদ্দেশ করে বলা হয়, 'তুই যদি তোর চিন্তা করিস, জোরারগঞ্জ থানার কথা চিন্তা করিস, তোর জীবনের কথা চিন্তা করিস, গ্রেপ্তার করা থেকে বিরত থাকিস। না হলে রক্ষা নেই।' সর্বশেষ হুমকিতে বলা হয়, 'এটাই শেষ কথা। কাফনের কাপড় রেডি রাখিস, না হলে রাস্তায় পড়ে থাকবি। এসব হুমকির ঘটনায় পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) মোহাম্মদ আব্দুল হালিম বাদী হয়ে গত ১৮ নভেম্বর জোরারগঞ্জ থানায় একটি জিডি করেন। ওসি মোহাম্মদ আব্দুল হালিম বলেন, জোরারগঞ্জ থানা পুলিশের নিয়মিত অভিযানে সন্ত্রাসবিরোধী আইনের মামলার আসামি, গ্রেপ্তারি পরোয়ানাভুক্ত আসামি এবং মাদক কারবারে জড়িত ব্যক্তিদের গ্রেপ্তার করা হচ্ছে। দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে বিভিন্ন মামলার আসামি ও কার্যক্রম নিষিদ্ধ সংগঠনের অনেক সদস্যকেও গ্রেপ্তার করা হয়েছে। এসব অভিযানের কারণে এমন হুমকি দেওয়া হতে পারে বলে ধারণা করছেন তিনি। তিনি আরও জানান, হুমকি দেওয়া নম্বরটির পরিচয় শনাক্ত এবং এ ঘটনায় প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে।

ঘূর্ণিঝড় 'আকভান'র প্রভাবে

সরাসরি বাংলাদেশে আঘাত হানার আশঙ্কা না থাকলেও এর প্রভাবে উপকূলীয় জেলা পিরোজপুরে বৃষ্টি ও ঝড়ো হাওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। পাশাপাশি জেলার নদীতীরবর্তী কয়েক হাজার মানুষ বেড়িবাঁধের নিরাপত্তা নিয়ে উদ্বিগ্ন। পিরোজপুরে মোট ৩৩২ কিলোমিটার বেড়িবাঁধ রয়েছে। এর মধ্যে ৩০ কিলোমিটার ঝুঁকিপূর্ণ। গত বৃহস্পতিবার (১৯ নভেম্বর) ভোর ৬টা থেকে শুক্রবার (২০ নভেম্বর) ভোর ৬টা পর্যন্ত পিরোজপুরে ১ দশমিক ৬ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। পিরোজপুর নৌ আবহাওয়া পূর্বাভাস কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মাজেদুল হক বলেন, ঘূর্ণিঝড়টি বাংলাদেশের উপকূলে আঘাত হানার আশঙ্কা নেই। এটি ভারতের উত্তর অন্ধ্র ও দক্ষিণ ওড়িশা উপকূলের দিকে অগ্রসর হচ্ছে। শুক্রবার সকাল ৬টা পর্যন্ত পিরোজপুরে প্রায় ১ দশমিক ৬ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। সোমবার পর্যন্ত দিনভর থেমে থেমে বৃষ্টি হতে পারে। তবে এখন পর্যন্ত পানি বাড়ার কোনো তথ্য পাওয়া যায়নি। পিরোজপুরের জেলা প্রশাসক মো. গোলাম রব্বানী বলেন, ঘূর্ণিঝড় 'আকভান' পিরোজপুরে আঘাত হানার কোনো সম্ভাবনা নেই।

জাতিসংঘের ই-গভর্নমেন্ট সূচকে

টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের বরাতে প্রতিবেদনে আরও জানানো হয়, সূচকটির দুটি উপাদানেও বাংলাদেশ সর্বকালের সর্বোচ্চ স্কোর অর্জন করেছে। এর মধ্যে 'অনলাইন সার্ভিস ইনডেক্স (ওএসআই)' স্কোর দাঁড়িয়েছে ০ দশমিক ৮১ এবং 'টেলিকমিউনিকেশন ইনফ্রাস্ট্রাকচার ইনডেক্স (টিআইআই)' স্কোর হয়েছে ০ দশমিক ৬৯। জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক বিষয়ক বিভাগ (ইউএন ডেসা) প্রতি দুই বছর অন্তর এই জরিপ প্রতিবেদন প্রকাশ করে। 'জাতিসংঘ ই-গভর্নমেন্ট জরিপ ২০২৬'-এর ফলাফল অনুযায়ী, এই র‍্যাঙ্কিংয়ে শীর্ষস্থানে রয়েছে দক্ষিণ কোরিয়া। সরকারি সেবা দেওয়ার ক্ষেত্রে কোনো দেশের ই-গভর্নমেন্ট ব্যবহারের প্রস্তুতি, সক্ষমতা ও অগ্রগতি নির্দেশ করে ইজিডিআই সূচক। অনলাইন সার্ভিস ইনডেক্স, টেলিকমিউনিকেশন ইনফ্রাস্ট্রাকচার ইনডেক্স এবং হিউম্যান ক্যাপিটাল ইনডেক্স এই তিনটি সূচকের সমন্বিত গড় হিসাব করে এটি নির্ণয় করা হয়। এবারের জরিপে বিশ্বব্যাপী গড় ইজিডিআই স্কোর ৪ দশমিক ৬ শতাংশ বেড়েছে। ২০২৪ সালে বৈশ্বিক গড় স্কোর ছিল ০ দশমিক ৬৩৮২, যা ২০২৬ সালে দাঁড়িয়েছে ০ দশমিক ৬৬৭৫-এ। বাংলাদেশের অর্জিত ০ দশমিক ৬৮৯৩ স্কোর এই বৈশ্বিক গড়ের চেয়েও বেশি। মূল্যায়ন করা ১৯৪টি দেশের মধ্যে বর্তমানে ১৫১টি দেশ 'উচ্চ' অথবা 'অতি উচ্চ' ইজিডিআই শ্রেণির অন্তর্ভুক্ত হয়েছে। ২০২৪ সালের প্রতিবেদনে এই সংখ্যা ছিল ১৩৮টি।

বিএনপি সরকারকে

পান করার মগ তুলে দেওয়া হয়। এ ছাড়া আগামী রবিবার বাকি ৫৭ হাজার মগ ও নিমগাছের চারা বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে পৌঁছে দেওয়া হবে। অনুষ্ঠানে প্রতিমন্ত্রী মীর শাহে আলম বলেন, বগুড়ার কৃতী সন্তানের জন্মদিনে শিক্ষার্থীদের হাতে একটি করে গাছের চারা ও বিশুদ্ধ পানি পান করার মগ তুলে দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে প্রত্যেকের বাড়িতে অন্তত একটি করে গাছের চারা রোপণের আহ্বান জানান তিনি। একই সঙ্গে পরিচ্ছন্নতা বজায় রাখা এবং পরিবেশ রক্ষায় সবাইকে দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানান। শিক্ষার্থীদের শুধু গাছের চারা গ্রহণ নয়, সেটির যত্ন নিয়ে বড় করার দায়িত্বও নিতে হবে বলে উল্লেখ করেন তিনি। আওয়ামী লীগের রাজনৈতিক কর্মকাণ্ড ও সাম্প্রতিক সহিংসতা প্রসঙ্গে প্রতিমন্ত্রী বলেন, আওয়ামী লীগ একটি নিষিদ্ধ সংগঠন। সহিংসতার মাধ্যমে তারা নিজেদের অবস্থান প্রকাশ করেছে। সরকার এখনও সহনশীল আচরণ করছে, তবে এটিকে দুর্বলতা ভাবার সুযোগ নেই। নির্দিষ্ট সময়ের মধ্যে দেশের মানুষকে নিরাপদ রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। গোপালগঞ্জসহ দেশের বিভিন্ন স্থানে সহিংসতা ও নাশকতায় জড়িত ব্যক্তিদের কারাগারে পাঠানো হবে বলেও মন্তব্য করেন তিনি। তিনি আরও বলেন, কোনও পলাতক ফ্যাসিস্ট আওয়ামী লীগকে বাংলাদেশের মাটিতে পুনর্বাসনের সুযোগ দেওয়া হবে না। তাদের বিরুদ্ধে সব রাজনৈতিক দলকে ঐক্যবদ্ধভাবে প্রতিরোধ গড়ে তুলতে হবে। দেশের মানুষ শান্তি ও উন্নয়ন চায়। সরকার সেই পরিবেশ নিশ্চিত করতে কাজ করবে। গোপালগঞ্জের সহিংসতার ঘটনা উল্লেখ করে মীর শাহে আলম বলেন, সেখানে দুটি থানা পুড়িয়ে দেওয়া হয়েছে, সংসদ সদস্যের বাড়িতে আগুন দেওয়া হয়েছে এবং তিনজন নেতাকর্মীকে হত্যা করা হয়েছে।

গোপালগঞ্জ বিশ্ববিদ্যালয়

বিবেচনা করে ২২ নভেম্বর থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সব ক্লাস ও পরীক্ষা বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর আগে, ১৭ নভেম্বর জারি করা আগের বিজ্ঞপ্তিতে জানানো হয়েছিল, রিজেন্ট বোর্ডের ষষ্ঠ জরুরি সভার সিদ্ধান্ত মোতাবেক ১৮ ও ১৯ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের সব ক্লাস ও পরীক্ষা বন্ধ থাকবে এবং পরিস্থিতি বিবেচনায় পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে। সেই ধারাবাহিকতায় সর্বশেষ এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

তারেক রহমানের রাজনীতির মৌলিক

প্রধানমন্ত্রী তারেক রহমানের আজ জন্মদিন। ব্যক্তিগত পর্যায় ছাড়িয়ে দিনটির বিশেষ জাতীয় তাৎপর্য রয়েছে। দেশের সার্বভৌমত্ব, গণতন্ত্র ও মর্যাদা এবং জনগণের অধিকার, স্বাধীনতা ও সুরক্ষার সঙ্গে তার নেতৃত্ব গভীরভাবে আবর্তিত। মাহদী আমিন বলেন, এক ঐতিহাসিক মুহূর্তে তারেক রহমানের দেশে ফেরায় আমরা দেখেছি মানুষের অভূতপূর্ব সমাগম, আবেগ ও মমত্ববোধ। নির্বাচনে তার নেতৃত্বে জনগণের ঐতিহাসিক বিজয় সেই ভালোবাসা ও আস্থারই গণতান্ত্রিক প্রতিফলন। এখনও দেশের যেখানেই তিনি যান; সব শ্রেণি, পেশা ও বয়সের মানুষ যেভাবে তাকে আপন করে নেন, তা মানুষের সঙ্গে আত্মিক বন্ধনের বহিঃপ্রকাশ। তার চলাফেরায় নেই প্রচলিত ভিভিআইপি সংস্কৃতির আড়ম্বর। ক্ষমতার বেষ্টনী ভেঙে তিনি বারবার ছুটে যান তৃণমূলে, প্রান্তিক মানুষের কথা শোনেন, তাদের সঙ্গে মিশে যান। কারণ, তার রাজনীতির মূল দর্শন হলো, রাষ্ট্রক্ষমতার প্রকৃত উৎস জনগণ। জনগণের প্রেরণা ও সমর্থনই নেতৃত্বের সবচেয়ে বড় শক্তি। জনগণের সঙ্গে থাকা, সমস্যার সমাধান করা, দেশের স্বার্থ রক্ষা এবং 'সবার আগে বাংলাদেশ' নিশ্চিত করা তার রাজনীতির মৌলিক লক্ষ্য। প্রধানমন্ত্রী কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন আরও লেখেন, ব্যক্তিগতভাবে আমি অত্যন্ত সৌভাগ্যবান। ২০১১ সাল থেকে দেড় দশক ধরে তারেক রহমানের সঙ্গে নিবিড়ভাবে কাজ করার সুযোগ হয়েছে। খুব কাছ থেকে দেখেছি দেশের প্রতি তার অসীম ভালোবাসা, মানুষের ভাগ্য পরিবর্তনের দৃঢ় প্রত্যয় এবং বাংলাদেশকে এগিয়ে নেওয়ার সুদূরপ্রসারী পরিকল্পনা ও নিরলস কর্মপ্রয়াস। দেখেছি, অনিঃশেষ অপপ্রচার ও ষড়যন্ত্র, প্রতিকূলতা ও দীর্ঘ সংগ্রামের মধ্যেও তার অবিচল মনোবল, জনগণের শক্তির প্রতি আস্থা এবং দেশের জন্য কাজ করে যাওয়ার অদম্য স্পৃহা। তার এই অঙ্গীকার, নিষ্ঠা ও কর্মযজ্ঞ আমাদের প্রতিনিয়ত অনুপ্রাণিত করে। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের হাতে বিএনপির প্রতিষ্ঠা, তার রাষ্ট্রনায়কোচিত নেতৃত্বে বাংলাদেশের আত্মপরিচয় ও জাতীয়তাবাদী রাজনীতির বিকাশ এবং দেশনেত্রী বেগম খালেদা জিয়ার নেতৃত্বে দীর্ঘ আপসহীন গণতান্ত্রিক সংগ্রাম, এর সবই বাংলাদেশের ইতিহাসের গৌরবময় অধ্যায়। এই ইতিহাসের প্রতিটি বাঁকে রয়েছে গভীর ত্যাগ, দেশপ্রেম ও জনগণের প্রতি দায়বদ্ধতার স্বাক্ষর।

সবুজ কারখানায় বিশ্বসেরা

দৃষ্টান্ত। নতুন ১২টি কারখানার অন্তর্ভুক্তির মধ্য দিয়ে এ অর্জন আরও সমৃদ্ধ হলো।

উন্নয়ন থমকে যাবে, বাংলাদেশকে

দরকার। ডিজিটাল ব্যবস্থাগুলোকে একসঙ্গে জুড়তে হবে। চালু করতে হবে একক করদাতা শনাক্তকরণ নম্বর। দ্বিতীয়ত, কর ছাড় কমাতে হবে। ২০২১-২২ অর্থবছরে কর ছাড়ের পরিমাণ ছিল জিডিপির ৬.৯ শতাংশ। এটি প্রায় মোট আদায় হওয়া কর রাজস্বের সমান। তাই ভ্যাট ও বাণিজ্য শুল্কে সংস্কার আনতে হবে। অপ্রয়োজনীয় কর ছাড়ও কমাতে হবে। তৃতীয়ত, জ্বালানির দাম ঠিক করার ব্যবস্থা বদলাতে হবে। এ জন্য স্বাধীন ও শক্তিশালী একটি নিয়ন্ত্রক সংস্থা দরকার। দাম হতে হবে নিয়ম মেনে। উৎপাদন খরচের সঙ্গে তার মিল থাকতে হবে। চতুর্থত, ভর্তুকি আরও সুনির্দিষ্ট করতে হবে। দেশে দারিদ্র্যের হার ২০২২ সালে ছিল ১৮.৭ শতাংশ। ২০২৬ সালে তা বেড়ে হয়েছে ২২.৫ শতাংশ। তাই ঢালাও ভর্তুকির বদলে শক্তিশালী সামাজিক নিরাপত্তা ও 'ফ্যামিলি কার্ড' প্ল্যাটফর্ম ব্যবহার করতে হবে। এর মাধ্যমে দরিদ্র পরিবারকে সরাসরি সহায়তা দেওয়া যাবে। পঞ্চমত, বাড়তি অর্থ ভালো কাজে লাগাতে হবে। সংস্কারে যে বাড়তি টাকা আসবে, তা খরচ করতে হবে স্বাস্থ্য, শিক্ষা, সামাজিক সুরক্ষা ও অবকাঠামোতে। বিশ্বব্যাংকের হিসাব অনুযায়ী, এসব সংস্কার পুরোপুরি বাস্তবায়ন করা গেলে প্রবৃদ্ধি ৫.৭ শতাংশে উঠতে পারে।

হাম উপসর্গে আরও পাঁচজনের

৬৭৫ জন। এর মধ্যে এখন পর্যন্ত সুস্থ হয়ে ২ লাখ ১৮ হাজার ৯১০ জন হাসপাতাল ছেড়েছে। স্বাস্থ্য অধিদফতরের তথ্যমতে, চলতি বছরের ১৫ মার্চ থেকে আজ পর্যন্ত হামের উপসর্গ দেখা দিয়েছে ২ লাখ ৫৪ হাজার ৫৯৩ জনের। এ সময়ের মধ্যে হাম শনাক্ত হয়েছে ২৫ হাজার ৯৬৬ জনের।

ঢাকায় ১০০ দিনের কর্মসূচি ঘোষণা

আয়োজিত সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করেন জামায়াতের কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী উত্তরের আমির মোহাম্মদ সেলিম উদ্দিন। তিনি বলেন, কেন্দ্রীয় সংগঠনের ঘোষিত ৪০ দিনের কর্মসূচির সঙ্গে একাত্মতা প্রকাশ করে ঢাকা মহানগরী উত্তর আরও ৬০ দিনের কর্মসূচি গ্রহণ করেছে। সব মিলিয়ে ১০০ দিনের কর্মসূচি পালন করা হবে। সেলিম উদ্দিন বলেন, নিরাপদ রাজধানী গড়ার দাবিতে ১ ডিসেম্বর থেকে ফেব্রুয়ারি পর্যন্ত মহানগরী উত্তরের প্রতিটি প্রশাসনিক ওয়ার্ডে প্রতিদিন একটি করে বড় নাগরিক সমাবেশ অনুষ্ঠিত হবে। দল-মত, জাতি, ধর্ম ও বর্ণনির্বিশেষে সর্বস্তরের নাগরিকদের এসব সমাবেশে অংশ নেওয়ার আহ্বান জানানো হবে। একটি সমাবেশকে কেন্দ্র করে একাধিক মিছিল, সভা ও গণসংযোগ কর্মসূচিও চলবে। তিনি জানান, জামায়াতের শ্রমিক, পেশাজীবী ও নারী সংগঠনসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা কর্মসূচিতে অংশ নেবেন। রমজানে ধর্মীয় মর্যাদা বিবেচনায় রেখে